

# জাকসুর তফসিল পেছানোর দাবিতে ছাত্রদের বিক্ষোভ

জাবি সংবাদদাতা

প্রকাশিত: ২১:৫০, ১ ফেব্রুয়ারি ২০২৫; আপডেট: ২২:৩৩, ১ ফেব্রুয়ারি ২০২৫



ছবি: সংগৃহীত।

পূর্বঘোষিত রোডম্যাপ অনুসারে ১ ফেব্রুয়ারি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু) নির্বাচনের তফসিল ঘোষণার কথা জানিয়েছিল বিশ্ববিদ্যালয় প্রশাসন। তবে এদিন জাকসুর গঠনতন্ত্র সংস্কার, জুলাইয়ে আন্দোলনরতদের উপগ্রহ হামলাকারীদের বিচারসহ কয়েকটি দাবি জানিয়ে বিক্ষোভ মিছিল ও অবস্থান কর্মসূচি পালন করেছে শাখা ছাত্রদল। এ ঘটনার পর জাকসুর তফসিল ঘোষণার দাবি জানিয়ে বিক্ষোভ মিছিল শেষে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে এসে অবস্থান নিয়েছে শিক্ষার্থীরা।

শনিবার (১ ফেব্রুয়ারি) বিকেল পৌনে ৪টার পরিবহন চত্বর হতে একটি বিক্ষোভ মিছিল বের করে ছাত্রদল নেতাকর্মীরা। পরে তারা নতুন প্রশাসনিক ভবনের সামনে গিয়ে

অবস্থান নেয়। এসময় তারা জাকসুর সংস্কারের রোডম্যাপের ঘোষণা না দেয়া পর্যন্ত অবস্থান কর্মসূচি চালিয়ে নেয়ার ঘোষণা দেয়। তবে তার আহবায়কের বক্তব্যের পর নেতাকর্মীরা স্থান ত্যাগ করলে এক পর্যায়ে অবস্থান কর্মসূচি সমাপ্তি ঘোষণা করে।

অপরদিকে এ ঘটনার পর জাকসুর তফসিল ঘোষণার দাবিতে পালটা বিক্ষোভ মিছিল করেছে শিক্ষার্থীরা। 'জাকসুর পক্ষে জাহাঙ্গীরনগর' ব্যানারে সন্ধ্যা সাতটার দিকে বটতলা থেকে মিছিল শুরু করে শিক্ষার্থীরা। পরে মিছিলটি ছাত্রীদের আবাসিক হল প্রদক্ষিণ করে প্রশাসনিক ভবনের সামনে এসে শেষ হয়। এসময় শিক্ষার্থীরা তফসিল ঘোষণা না হওয়া পর্যন্ত কর্মসূচি চালিয়ে যাওয়ার কথা জানান।

ছাত্রদলের অবস্থান কর্মসূচি চলাকালে শাখা ছাত্রদলের আহবায়ক জহির উদ্দিন মোহাম্মদ বাবর বলেন, জাকসুর গঠনতন্ত্র সংস্কার এবং ১৫ ই জুলাই শিক্ষার্থীদের উপর হামলায় শিক্ষক, শিক্ষার্থী এবং আইন শৃঙ্খলার রক্ষাকারী বাহিনীর যারা জড়িত তাদের বিচার দাবিতে আমরা একটি স্মারকলিপি প্রদান করেছিলাম। সেই দাবির আপডেট জানতে আজকে আমাদের এই বিক্ষোভ মিছিল এবং অবস্থান কর্মসূচি। আমাদের দাবিগুলো মেনে নেওয়া না হলে আমরা পরবর্তী কর্মসূচিতে যেতে বাধ্য হব।

অপরদিকে শিক্ষার্থীদের অবস্থান কর্মসূচিতে ৪৮ ব্যাচের নৃবিজ্ঞানবিভাগের শিক্ষার্থী মেহের আফরোজ শাওলি বলেন, ৫ আগস্টের পর আমরা চাইনি আবার ছাত্রলীগের মতো কেও ছড়ি ঘুরাক। ত্রাশের রাজনীতি চলুক। কারা জাকসু বানচাল করতে চায় তাদের আমরা চিনি। প্রশাসনের সাহস কিভাবে হয় অছাত্রদের প্রশাসন বিল্ডিংয়ের সামনে আন্দোলন করতে দেয়। ভিসি আমাদের ভয় দেখায় জাকসু দিতে গিয়ে লাশ পড়লে তখন কি হবে। ভিসিকে বলতে চাই এসব নাটক কম করো পিও। আজকের মধ্যেই জাকসুর তফসিল ঘোষণা করতে হবে।

তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইন্সটিটিউটের ৪৭ ব্যাচের শিক্ষার্থী আব্দুর রশিদ জিতু বলেন, তফসিল ঘোষণা বিকেলে হওয়ার কথা থাকলেও এখনো হচ্ছে না। অছাত্ররা প্রশাসনের সাথে মিটিং করছে। প্রশাসন কে হুশিয়ার করতে চাই, অছাত্রদের আস্তানা এই ক্যাম্পাসে হবে না। আজকের মধ্যেই জাকসুর তফসিল ঘোষণা করতে হবে।

শেষ খবর পাওয়া পর্যন্ত শিক্ষার্থীদের অবস্থান কর্মসূচি স্থলে বিশ্ববিদ্যালয় প্রশাসনের শিক্ষকবৃন্দ এসেছেন। দ্রুততম সময়ের মধ্যে জাকসুর তফসিল ঘোষণা হবে বলে আশ্বাস দেন। তবে শিক্ষার্থীরা এখনও অবস্থান করছেন।

